**1.বেদাঙ্গ কতগুলি ? তাদের উপযোগিতা কী ?**

**উ**:- বেদাঙ্গ ছয়টি- শিক্ষা, কল্প, নিরুক্ত, ব্যাকরণ, জ্যোতিষ, ছন্দ। মন্ত্রসমূহের যথাযথভাবে অধ্যয়ন, অর্থবোধ এবং মন্ত্রাবলীর প্রয়োগ জানতে বেদাঙ্গ পাঠের উপযোগিতা রয়েছে।

**2.কালিদাসের রচনাগুলি উল্লেখ করুণ ?**

**উঃ–**কালিদাসের মৌলিক রচনাগুলি হল– (i)মহাকাব্য– কুমারসম্ভবম্, রঘুবংশম্; (ii)গীতিকাব্য বা খণ্ডকাব্য– ঋতুসংহারম্, মেঘদূতম্; (iii)দৃশ্যকাব্য– মালবিকাগ্নিমিত্রম্, বিক্রমোবর্শীয়ম্, অভিজ্ঞানশকুন্তলম্।

**3.কৌটিল্যের মতানুসারে শিক্ষণের বিভিন্ন শাখার উল্লেখ করুণ ?**

**উঃ–**কৌটিল্যের মতানুসারে শিক্ষণের ক্ষেত্রে বিদ্যার চারটি শাখা হল– আন্বীক্ষিকী, ত্রয়ী, বার্তা এবং দণ্ডনীতি।

**4. 'ষাড়্গুণ্য' কথার অর্থ বুঝিয়ে দিন ?**

**উঃ–**'ষাড়্গুণ্য' শব্দের অর্থ হলো–সন্ধি, বিগ্রহাদি ছয়টি গুণের সমাহার। সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধীভাব এবং সংশয় এগুলিকে একসাথে রাজনীতিশাস্ত্রে 'ষাড়্গুণ্য' বলে। এগুলি কূটনীতির ছয়টি গুরুত্বপূর্ণ বিষয়।

**5. "প্রবর্ততাং প্রকৃতিহিতায় পার্থিব:" লাইনটি কোথায় আছে ? এর নাটকীয় তাৎপর্য্য কী?**

**উঃ–**এটি মহাকবি কালিদাস বিরচিত ‘অভিজ্ঞানশকুন্তলম্’ নাটকের সপ্তম অংকের শেষ শ্লোকের অংশ। নাট্যতত্ত্বের ভাষায় একে ভরতবাক্য বলে। প্রজাদের কল্যাণসাধন রাজার প্রধান কাজ।

**6.ভাস রচিত তেরোটি নাটকের নাম লিখুন ?**

**উ**:–ভাস রচিত তেরোটি নাটক হল– (i)প্রতিমা, (ii)অভিষেক, (iii)দূতবাক্য, (iv)দূতৎঘটোকচ, (v)পঞ্চরাত্র, (vi)মধ্যমব্যায়োগ, (vii)কর্ণভার, (viii)ঊরুভঙ্গ, (ix)চারুদত্ত, (x)স্বপ্নবাসবদত্তা, (xi)অবিমারক, (xii)বালচরিত, (xiii)প্রতিজ্ঞাযৌগন্ধরায়ণ।

**7.পঞ্চতন্ত্রের ভাগগুলি লিখুন ?**

**উ**:–পঞ্চতন্ত্রের ভাগগুলি হল– (i)মিত্রভেদ, (ii)মিত্রপ্রাপ্তি, (iii)কাকোলূকীয়, (iv)লব্ধপ্রণাশ, (v)অপরীক্ষিতকারক।

**8.কালিদাসোত্তর যুগের চারজন কবির নাম ও তাদের পরিচয় দিন ?**

**উ**:–কালিদাসোত্তর যুগের চারজন কবির নাম হল– কুমারদাস, ভট্টি, মাঘ, শ্রীহর্ষ। তাঁদের রচনাগুলি হল– কুমারদাসের ‘জানকীহরণ’, ভট্টির ‘ভট্টিকাব্য’ বা ‘রাবণবধ’, মাঘের ‘শিশুপালবধ’, শ্রীহর্ষের ‘নৈষধচরিত’।



KNOW MORE INFARMATION VISIT TO https://www.sanskritsikshakendra.com/

যোগাযোগ করুন 7029418471

**9.মহাভারত রচনার তিনটি স্তর কী কী ?**

**উঃ–**মহাভারত রচনার তিনটি স্তর হল–

প্রথম স্তর– শ্লোক সংখ্যা– ৪,৪০০– জয়কাব্য।

দ্বিতীয় স্তর– শ্লোক সংখ্যা– 24,000–ভারত।

তৃতীয় স্তর– শ্লোক সংখ্যা– 1,00000– মহাভারত।

**10.কাদম্বরী ও হর্ষচরিত কী কী জাতীয় রচনা ?**

**উঃ–**'কাদম্বরী' হল– গদ্য শ্রেণীর কথাকাব্য, আর 'হর্ষচরিত' হল– আখ্যায়িকা শ্রেণীর গদ্যকাব্য।

**11.সন্ধিবিচ্ছেদ করুণ– (i)রবাবুদিতে, (ii)বিধূরাজতে।**

**উঃ–**(i)রবৌ+উদিতে, (ii)বিধুঃ+রাজতে।

**12.রূপ দিনঃ (i)পথিন্ + প্রথমা একবচন, (ii)জাগৃ + লট্ প্রথম পুরুষ একবচন।**

**উঃ–**(i)পন্থাঃ, (ii)জাগ্রতি।

**13.উদাহরণ দিনঃ (i)তাদর্থ্যে চতুর্থী, (ii)করণে ষষ্ঠী।**

**উঃ–**(i)<u>মশকায়</u> ধূমং দেহি। (ii)নাগ্নিঃ <u>কাষ্ঠানাং</u> তৃপ্যতি।

**14.উদাহরণ দিয়ে বোঝানঃ "নঞর্থাঃ ষট্ প্রকীর্তিতাঃ।"**

**উঃ–**"নঞর্থাঃ ষট্ প্রকীর্তিতাঃ" কথাটির অর্থ হল– নঞ্ এর অর্থ ছয় প্রকার।

(i)সাদৃশ্য– না ব্রাহ্মণঃ=অব্রাহ্মণঃ(ব্রাহ্মণ সদৃশ)।

(ii)অভাব– ন সুখম্=অসুখম্(সুখাভাব)।

(iii)ভিন্নতা– ন ঘটঃ=অঘটঃ(ঘট ভিন্ন)।

(iv)অল্পতা– ন কেশী=অকেশী(অল্পকেশী)।

(v)অপ্রশস্ততা– ন কালঃ=অকালঃ(অপ্রশস্তকাল)।

(vi)বিরোধ– ন সুরঃ=অসুরঃ(সুরবিরোধী)।

**15.উদাহরণসহ আলোচনা করুণঃ (i)প্রশংশার্থে মতুপ্, (ii)বর্তমানকালে 'ক্ত' প্রত্যয়।**

**উঃ–**(i)প্রশংশার্থে মতুপ্– প্রশংসার্থে মতুপ্ প্রত্যয় হয়। যেমন– রূপমস্য অস্তি=রূপবান্।

(ii)বর্তমানকালে 'ক্ত' প্রত্যয়– "ক্তস্য চ বর্তমানে" সূত্রানুসারে মন, বিদ, পূজ্ ধাতুতে বর্তমানকালে 'ক্ত' প্রত্যয় হয়। যেমন– বিদ্বান্ সর্বৈষাং পূজিতঃ।

.

যোগাযোগ করুন 7029418471

**16.পার্থক্য নির্ণয় করুণ: (i)রাজন্বান্- রাজন্বান্, (ii)উচ্চরতি- উচ্চরতে।**

উ:- (i)রাজন্বান্- (উত্তম রাজাযুক্ত) রাজন্বান্ অয়ং দেশ:।

রাজন্বান্- (সাধারণ রাজাযুক্ত) পুরা বঙ্গদেশ: রাজবান্ আসীৎ।

(ii)উচ্চরতি- (উঠে) ধূম: উচ্চরতি।

উচ্চরতে- (লঙ্ঘন করে) শিষ্য: গুরুবাক্যম্ উচ্চরতে।

**17. এককথায় প্রকাশ করুণঃ (i)বক্রং গচ্ছতি, (ii)কণ্ঠস্য সমীপম্।**

**উঃ-** (i)বক্রং গচ্ছতি=জঙ্গম্যতে।

(ii)কণ্ঠস্য সমীপম্=উপকণ্ঠম্।

**18.ব্যুৎপত্তি নির্ণয় করুণঃ (i)কনিষ্ঠ, (ii)জ্যেষ্ঠ।**

**উঃ-** (i)কনিষ্ঠ- যুবন্+ইষ্ঠন্।

(ii)জ্যেষ্ঠ- বৃদ্ধ+ইষ্ঠন্।

**19.ব্যাতিহার বহুব্রীহি সম্বন্ধে আলোচনা করুণ।**

**উঃ-**"ইং কর্মব্যতিহারে" সূত্রে পারস্পরিক যুদ্ধ বোঝালে দুটি তৃতীয়ান্ত বা সপ্তম্যন্ত পদের বহুব্রীহি সমাস হয়। এই সমাসের উত্তরে 'ইম্' প্রত্যয় যুক্ত হয়। যেমন- কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং (যৎ) যুদ্ধং প্রবৃত্তং তৎ = কেশাকেশি।

**20.ব্যাখ্যা করুণঃ (i)ইতরেতর দ্বন্দ্ব, (ii)সমাহার দ্বিগু।**

**উঃ-** (i)<u>ইতরেতর দ্বন্দ্ব</u> - দুই বা বহু পদের পরস্পর সংযোগ বোঝালে এবং পরপদের লিঙ্গ অনুযায়ী সমস্ত পদের লিঙ্গ নির্ধারিত হলে ইতরেতর দ্বন্দ্ব হয়। যথা- রামশ্চ লক্ষ্মণশ্চ = রামলক্ষ্মণৌ।

(ii)<u>সমাহার দ্বিগু</u> - একাধিক বস্তুর একত্রাবস্থানকে সমাহার বলে। যে দ্বিগুণ সমাসে সমাহার বোঝায় তাকে সমাহার দ্বিগু বলে। যথা- পঞ্চানাং বটানাং সমাহারঃ = পঞ্চবটী।

নমুনা অনলাইনে যোগাযোগ করুন 7029418471

1999-2016 SLST (SANSKRIT) HONS & PASS QUESTION & ANSWER ©

সম্পূর্ণ পাওয়ার জন্য যোগাযোগ করুন

7029418471 / 9933490253

https://www.sanskritsikshakendra.com/